গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ
http://doict.chapainawabganjsadar.chapainawabganj.gov.bd

# উপজেলা আইসিটি সভার কার্যবিবরণী জুন/২০২৬

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মারুফ আফজাল রাজন<br>উপজেলা নির্বাহী অফিসার<br>চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ। |
| তারিখ | : | ২৫/০৬/২০২৬ খ্রিঃ। |
| সময় | : | বেলা-১১.১৫ ঘটিকায়। |
| উপস্থিতি | : | সভার সম্মানিত সদস্যবৃন্দ। |

সভার শুরুতে সভাপতি এবং উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে শুভেচ্ছা জানান। অতঃপর তিনি আলোচ্যসূচি ও কার্যপত্র অনুযায়ী সভার কাজ শুরু করেন।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.০ | ডি-নথি কার্যক্রম পরিচালনা সংক্রান্ত | আলোচনাঃ দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন করার লক্ষ্যে অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহার করতে হবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে দ্রুততম সময়ে, কম খরচে ও হয়রানি ছাড়াই সাধারণ মানুষের কাছে সেবা পৌঁছে দেওয়া যাচ্ছে। এজন্য যেসকল দপ্তরে ডি-নথির লাইভ কার্যক্রম চলমান রয়েছে, তাদের ডি-নথিতে কার্যক্রম জোরদার করতে হবে।<br><br>সিদ্ধান্তঃ লাইভে যে সকল দপ্তর রয়েছে তাদের ডি-নথি কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে নির্দেশনা প্রদান করা হয় ও ডি-নথি কার্যক্রম সার্বক্ষনিক সহযোগিতা করতে সহকারী প্রোগ্রামারকে অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। | ১। দপ্তর প্রধান (সংশ্লিষ্ট দপ্তর) |
| ২.০ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ সংক্রান্ত | আলোচনাঃ উপজেলা, সরকারি দপ্তর ও ইউনিয়ন তথ্য বাতায়ন হালানাগাদকরণ বিষয়ে আলোচনা করা হয়। উপজেলা পর্যায়ে পোর্টালে অন্তর্ভুক্ত সকল দপ্তরকে পোর্টালের মাধ্যমে সেবা প্রদান করতে নির্দেশনা প্রদান করা হয়।<br><br>সিদ্ধান্তঃ ওয়েব সাইট হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানদের আরো আন্তরিক হওয়ার জন্য অনুরোধ জানানো হয়। | ১। দপ্তর প্রধান (সকল) |
| ৩.০ | আইসিটিডি ডিজিটাল ল্যাব ও আইসিটিডি স্কুল অব ফিউচার সংক্রান্ত | আলোচনাঃ সহকারী প্রোগ্রামার, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ সভাপতিকে জানান যে, সদর উপজেলায় ১ম ও ২য় পর্যায়ে প্রাপ্ত মোট ৩৩টি আইসিটিডি ডিজিটাল ল্যাব রয়েছে। সভাপতি সংশ্লিষ্ঠ প্রতিষ্ঠান প্রধানদের ল্যাবে সার্বক্ষনিক ইন্টারনেট সংযোগ নেওয়ার অনুরোধ করেন। তিনি শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও আইসিটি শিক্ষককে আন্তরিকতার সাথে ল্যাবগুলো পরিচালনা করতে অনুরোধ করেন।<br><br>সিদ্ধান্তঃ ক) আইসিটি বিষয়ে শিক্ষার্থীদের আগ্রহী করতে প্রতিটি আইসিটিডি ডিজিটাল ল্যাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের নিয়ে আইসিটি বিষয়ক কুইজ। মতবিনিময় সভার আয়োজন করা যেতে পারে।<br>খ) ল্যাবের যথাযথ ব্যবহার যাতে শতভাগ বাস্তবায়িত হয় তা সহকারী প্রোগ্রামার কে মনিটরিং ও সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়। | ১। সহকারী প্রোগ্রামার (উপজেলা আইসিটি অফিসার)<br>২। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল) |

| | | | |
|---|---|---|---|
| | | গ) প্রতি সপ্তাহে অন্তত একবার ল্যাপটপগুলো ১০০% চার্জ দেওয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>ঘ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কম্পিউটার ল্যাবগুলো নিয়মিত পরিস্কার পরিচ্ছন্ন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৬) প্রত্যেক দপ্তর প্রধানকে তাদের দাপ্তরিক পরিদর্শনের পাশাপাশি আইসিটিডি ডিজিটাল ল্যাব পরিদর্শন করে রিপোর্ট প্রদানের অনুরোধ করেন। | |
| ৪.০ | প্রকল্প বরাদ্দ/ পরিদর্শন সংক্রান্ত | আলোচনা: অত্র উপজেলায় আইসিটি বিভাগ ও অধিদপ্তরের আওতাধীন চলমান প্রকল্পসমূহ যেমন ইডিসি প্রজেক্ট এর জনসম্পৃক্ত ও জনগুরুত্বপূর্ণ প্রকল্প চলমান।<br><br>সিদ্ধান্তঃ<br>ক) আইসিটি খাতে জনসম্পৃক্ত ও জনগুরুত্বপূর্ণ প্রকল্প বাজেট প্রাপ্তির বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) ইডিসি প্রকল্পের সংযোগগুলো যথাযথ পরীক্ষা-নিরীক্ষা করতে হবে। | ১। সহকারী প্রোগ্রামার (উপজেলা আইসিটি অফিসার) |
| ৫.০ | সেমিনার ও প্রশিক্ষণ আয়োজন | আলোচনাঃ সভায় আলোচনা হয় যে, আইসিটি সংশ্লিষ্ট যেমন, ডি-নথি, ওয়েব পোর্টাল, সাইবার বুলিং, সাইবার সচেতনতা, ফ্রি-ল্যান্সিং, আইসিটি খাতে নারীর ক্ষমতায়ন ইত্যাদি প্রশিক্ষণ ও সেমিনার বরাদ্দ সাপেক্ষে আয়োজন করা যায় । তাছাড়া, স্কুল অব ফিউচারের শিক্ষার্থীদের নিয়ে প্রোগ্রামিং প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে।<br><br>সিদ্ধান্তঃ সংশ্লিষ্ট সেমিনার ও প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। সহকারী প্রোগ্রামার (উপজেলা আইসিটি অফিসার) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/০৭/২৫

মারুফ আফজাল রাজন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি, উপজেলা আইসিটি কমিটি
চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ
ফোন: ০২৫৮৮৮৯৩৩২৫
ইমেইল: unochapainawabganjsadar@mopa.gov.bd

স্মারক নং- ৫৬.০৪.৭০৬৬.০০০.০০০.০৬.০০০১.২৪. ৮৭ তারিখঃ ০৭/০৭/২০২৬ খ্রিঃ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
২। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
৩। জেলা আইসিটি অফিসার, জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ।
৪। ........................................................................................
৫। অফিস নথি।

০৭/০৭/২০২৬

মোঃ নূরুজ্জামান দেওয়ান
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ।
ও
সদস্য সচিব, উপজেলা আইসিটি কমিটি
চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ।